

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১১৬৩

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)

পরিচ্ছেদঃ ৫/১১০. মাগরিবের (ফর্য সালাতের) পূর্বে দু' রাক'আত সালাত।

بَابِ مَا جَاءَ فِي الرَّكْعَتَيْنِ قَبْلَ الْمَغْرِبِ

আরবী

حَدَّقَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّقَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ، حَدَّقَنَا شُعْبَةُ، قَالَ سَمِعْتُ عَلِيَّ بْنَ زَيْدِ بُنِ جُدْعَانَ، قَالَ سَمِعْتُ عَلَى عَهْدِ رَسُولِ بِن جُدْعَانَ، قَالَ سَمِعْتُ أَنَسَ بْنَ مَالِكِ، يَقُولُ إِنْ كَانَ الْمُؤَذِّنُ لَيُؤَذِّنُ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ على الله عليه وسلم - فَيُرَى أَنَّهَا الإِقَامَةُ مِنْ كَثْرَةِ مَنْ يَقُومُ فَيُصلِّي الرَّكْعَتَيْنِ قَبْلَ الْمَغْرِبِ .

বাংলা

২/১১৬৩। আনাস ইবনু মালিক (রাঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর যমানায় মুয়াজ্জ্বীন (মাগরিবের) আযান দিলে মনে হতো তা যেন ইকামত। কারণ প্রচুর সংখ্যক লোক দাঁড়িয়ে মাগরিবের আগে দু রাকআত সালাত (নামায/নামাজ) আদায় করতো।

English

'Ali bin Zaid bin Jud'an said:

"I heard Anas bin Malik say: 'The Mu 'adh-dhin would call the Adhan during the time of the Messenger of Allah (ﷺ), and one would think that it was the Iqamah because there were so many people who stood and performed the two Rak'ah before the Maghrib."

ফুটনোট

তাখরীজ কুতুরুত সিত্তাহ: বুখারী ৫০৩, ৬২৫; মুসলিম ৮৩৭, নাসায়ী ৬৮২, আহমাদ ১৩৫৭১, দারিমী ১৪৪১।

তাহক্বীক্ব আলবানী: সহীহ। তাখরীজ আলবানী: সহীহ আবী দাউদ ১১৬২। উক্ত হাদিসের রাবী আলী বিন যায়দ বিন জুদআন সম্পর্কে ইয়াহইয়া বিন সাঈদ আল কান্তান বলেন, তার হাদিস প্রত্যাখ্যানযোগ্য। আহমাদ বিন হাম্বল



ও ইয়াহইয়া বিন মাঈন বলেন, তিনি নির্ভরযোগ্য নন। ইয়াকুব বিন শায়বাহ বলেন, তিনি সিকাহ সালিহ। আল আজালী বলেন, কোন সমস্যা নেই। উক্ত হাদিসটি শাহিদ এর ভিত্তিতে সহিহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন